দৈনিক ইনকিলাব 12

তারিখ 29 JAN 1990
পৃষ্ঠা 6 কলাম 7

## বিজ্ঞান শিক্ষা

বর্তমান পাঠ্যক্রম অনুযায়ী নিম্ন মাধ্যমিক শ্রেণীতে বিজ্ঞান শিক্ষা বাধ্যতামূলক। সাধারণ বিজ্ঞান হিসাবে আমাদের পরিবেশের সঙ্গে শিক্ষার্থীদের পরিচয় করিয়ে দেয়ার জন্য পাঠ্যপুস্তক রচিত। বিজ্ঞান শিক্ষার পূর্ণতার জন্য প্রয়োজন হাতে-কলমে শিক্ষা। মূলতঃ প্রকৃতি পর্যবেক্ষণে দক্ষতা অর্জন বিজ্ঞান শিক্ষার একটি মৌলিক বিষয়। আমাদের পাঠ্যপুস্তকগুলো সে উদ্দেশেই প্রণীত। নিম্ন মাধ্যমিক শ্রেণীর পাঠ্যপুস্তকে 'এসো নিজে করি' হাতে-কলমে শিক্ষা দেয়ার প্রয়াস। কিন্তু আমাদের আর্থ-সামাজিক অবস্থানে শ্রেণীকক্ষে যেমন হাতে-কলমে শিক্ষা দেয়া সম্ভব নয়, তেমনি ছাত্র-ছাত্রীদেরও নিজে বাসায় পরীক্ষাগুলো সম্পন্ন করার সামর্থ্য নেই। সে কারণে শিক্ষার্থীরা হাতে-কলমে শিক্ষা থেকে বঞ্চিত হয়। আবার পরীক্ষণের উপর ভিত্তি করে যে সব প্রশ্ন করা হয় তার উত্তর পুস্তকে না থাকায় অনেকেই বাজারে প্রচলিত নিম্নমানের অর্থ-পুস্তকের সাহায্য নেয়। এতে করে শিক্ষার্থীরা হাতে-কলমে শিখতে তো পারছেই না, বরং তত্ত্বীয় জ্ঞান থেকেও বঞ্চিত হচ্ছে।

—সুহৃদ সরকার।